**Office of the Registrar**
Kishoreganj University
Kishoreganj 2300, Bangladesh.
Phone: 02998832221, 01552-396426
E-mail: registrar@kiu.ac.bd

**রেজিস্ট্রার অফিস**
কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়
কিশোরগঞ্জ-২৩০০, বাংলাদেশ
ফোন: ০১৯৯৮-৮-৩২২২১, ০১৫৫২-৩৯৬৪২৮
ই-মেইল: registrar@kiu.ac.bd

স্মারক নং- কিবি/GST/২০২৬/৪৫৯

তারিখ: ২০ শ্রাবণ, ১৪৩৩ / ১৮ জুলাই, ২০২৬

## ২০২৫-২৬ শিক্ষাবর্ষে ৪ (চার) বছর মেয়াদী ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে চূড়ান্ত ভর্তি ও মাইগ্রেশন সংক্রান্ত বিশেষ বিজ্ঞপ্তি

কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়-এ ২০২৫-২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে যে সকল শিক্ষার্থী তাদের পছন্দক্রম ও মেধাক্রম অনুযায়ী বিষয়প্রাপ্ত হয়ে A, B, এবং C ইউনিট-এ প্রাথমিক ভর্তি নিশ্চায়ন করেছে কিন্তু সাম্প্রতিক সময়ে অতিবর্ষণ ও প্রাকৃতিক দূর্যোগের কারণে চূড়ান্ত ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে পারেনি তারা আগামী ১৯/০৭/২০২৬ খ্রি. তারিখ হতে ২১/০৭/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত প্রতিদিন সকাল ১০.০০ টা থেকে বিকাল ৩.০০ টার মধ্যে চূড়ান্ত ভর্তি সম্পন্ন করতে পারবে। **বিশেষভাবে লক্ষণীয়ঃ** বিশ্ববিদ্যালয় মাইগ্রেশনের আর কোন সুযোগ থাকবে না। ভর্তিকৃত বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরে সাবজেক্ট মাইগ্রেশন বন্ধ করতে চাইলে তা (Stop All Migration) অবশ্যই আগামী ২১/০৭/২০২৬ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

উক্ত সময়ের মাঝে শিক্ষার্থীদেরকে **অবশিষ্ট ফি (নিচের ছক অনুযায়ী)** অনলাইনে (https://admission.kiu.ac.bd/ ওয়েবসাইটে লগইন করে) প্রদান করে নিম্নোল্লিখিত ডকুমেন্টসসহ নিম্নোক্ত ঠিকানায় **সশরীরে** উপস্থিত হয়ে চূড়ান্ত ভর্তি সম্পন্ন করতে হবে। উল্লেখ্য, উক্ত সময়ের মধ্যে কোনো শিক্ষার্থী চূড়ান্ত ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে ব্যর্থ হলে, তার ভর্তি বাতিল বলে গণ্য হবে।

### ভর্তির জন্য আবশ্যক ডকুমেন্টস

১। SSC এবং HSC-এর **মূল নম্বরপত্র।**
২। GST-তে প্রাথমিক ভর্তি নিশ্চায়নের Acknowledgement Slip (Applicant Copy)।
৩। অবশিষ্ট ফি প্রদান করার পর প্রাপ্ত Payment Slip (অনলাইন থেকে প্রাপ্ত PAID জলছাপ সম্বলিত)-এর অফিস কপি ও আবেদনকারীর কপি রঙিন প্রিন্ট করে আনতে হবে।
৪। https://admission.kiu.ac.bd/ ওয়েবসাইটে লগইন করে প্রাপ্ত Admission Form রঙিন প্রিন্ট করে আনতে হবে।
৫। GST ভর্তি পরীক্ষার সময় পরিদর্শক কর্তৃক স্বাক্ষরকৃত **মূল প্রবেশপত্র।**

### ভর্তি ফি সংক্রান্ত বিস্তারিত তথ্য

| বিভাগের নাম | মোট ফির পরিমাণ | প্রাথমিক ভর্তি প্রক্রিয়া সম্পন্নকরণ ফি | অবশিষ্ট ফির পরিমাণ (SSLCOMMERZ এর চার্জ ব্যতীত) |
|---|---|---|---|
| ইংরেজি বিভাগ | ৭,৫০০.০০ | ৫০০০.০০ | ২,৫০০.০০ |
| গণিত বিভাগ | ৯,০০০.০০ | | ৪,০০০.০০ |
| হিসাববিজ্ঞান বিভাগ | ৭,৫০০.০০ | | ২,৫০০.০০ |
| সিএসই বিভাগ | ৯,০০০.০০ | | ৪,০০০.০০ |

- **এছাড়াও, ভর্তির সময় বিভাগীয় উন্নয়ন ফি বাবদ (২০০০/- মাত্র) সরাসরি নগদ জমা দিয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।**

**ঠিকানা:** কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়, কিশোরগঞ্জ-২৩০০ (অস্থায়ী ক্যাম্পাস: গুরুদয়াল সরকারি কলেজ)।

| A ইউনিট | B ইউনিট | C ইউনিট |
|---|---|---|
| রুম নম্বরঃ **৬০২** | রুম নম্বরঃ **৩০১** | রুম নম্বরঃ **৬০১** |

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে,

[signature] ১৮/০৭/২০২৬

নায়লা ইয়াসমিন
রেজিস্ট্রার
কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়।
মোবাইল: ০১৫৫২৩৯ ৬৪২৬
ই-মেইল: registrar@kiu.ac.bd